অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/29/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্কেনেকট্যাডিতে 60 ইউনিটের সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টের নির্মাণকাজ শুরুর ঘোষণা করলেন

মন্ট প্লিজেট এলাকার সম্পূর্ণ বৈদ্যুতিক, শক্তি দক্ষ ডেভেলপমেন্টটিতে সমর্থক সেবাসহ 30টি অ্যাপার্টমেন্ট থাকবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মোজাইক অ্যাপার্টমেন্টসের (Mosaic Apartments) নির্মাণকাজ শুরু হয়েছে, এটি একটি দুই ভবনের ডেভেলপমেন্ট যা স্কেনেকট্যাডির মন্ট প্লিজেট এলাকায় 60টি অ্যাপার্টমেন্ট তৈরি করবে। সম্পূর্ণ বৈদ্যুতিক, শক্তি দক্ষ ডেভেলপমেন্টটিতে বয়স্ক ও অক্ষমতাসহ ব্যক্তিদের জন্য অনসাইট সমর্থক সেবাসহ 30টি অ্যাপার্টমেন্ট থাকবে।

"স্কেনেকট্যাডিতে আজকের বিনিয়োগ শহরের সর্বাধিক প্রাণবন্ত সম্প্রদায়সমূহের একটির কেন্দ্রবিন্দুতে কয়েক ডজন অতি প্রয়োজনীয় সাশ্রয়ী, শক্তি দক্ষ অ্যাপার্টমেন্ট তৈরি করবে," **গভর্নর হোকল বলেন।** "বিদ্যমান বাসিন্দা ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য এলাকাকে উন্নত করবে এমন সাশ্রয়ী ও সমর্থক আবাসন তৈরির মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সঙ্কটকে সমাধান করার জন্য আমার প্রশাসন প্রতিশ্রুতিবদ্ধ।"

বিগত পাঁচ বহরে, নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) স্কেনেকট্যাডি সিটিতে প্রায় 500 সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করেছে। মোজাইক অ্যাপার্টমেন্টস এই প্রয়াসকে অব্যাহত রাখছে এবং এটি গভর্নর হোকলের 25 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক আবাসন পরিকল্পনার (Housing Plan) একটি অংশ, যা পুরো নিউ ইয়র্কে 100,000 সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য সমর্থক সেবাসহ 10,000 ইউনিট থাকবে, সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বৈদ্যুতিকরণ করা হবে।

মোজাইক অ্যাপার্টমেন্টসে 46টি অ্যাপার্টমেন্টসহ একটি চারতলা ভবন এবং 14টি অ্যাপার্টমেন্টসহ একটি তিনতলা ভবন থাকবে। এলাকার মধ্যম আয়ের (Area Median Income,. AMI) 60 শতাংশ বা তার নিচে আয় করা পরিবারগুলোর জন্য সব অ্যাপার্টমেন্ট সাশ্রয়ী মূল্যের হবে। উভয় ভবনে বাসিন্দাদেরকে বিনামূল্যে উচ্চগতির ইন্টারনেট এবং লন্ড্রি সুবিধা প্রদান করা হবে।

বয়স্ক নিউ ইয়র্কবাসীদের জন্য পাঁচটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত করে রাখা হবে এবং 25টি অ্যাপার্টমেন্ট বাসিন্দাদেরকে অনসাইট সমর্থক সেবা এবং এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative, ESSHI) মাধ্যমে অর্থায়িত ও নিউ ইয়র্ক সিটি মানসিক স্বাস্থ্য অফিস (Office of Mental Health, OMH) পরিচালিত ভাড়া ভর্তুকি পাওয়ার সুযোগ প্রদান করবে। ডেপল (DePaul) হলো এর নির্মাতা এবং সমর্থক সেবা প্রদানকারী।

মোজাইক অ্যাপার্টমেন্টস একটি উচ্চ মাত্রার টেকসই দশা এবং কার্বন হ্রাসকরণ অর্জন করার জন্য নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) নতুন নির্মাণ - আবাসন কর্মসূচি (New Construction – Housing Program) থেকে তহবিল পেয়েছে এবং এটিকে এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটিজ প্লাস (Enterprise Green Communities Plus) প্রত্যয়ন পাওয়ার জন্য সবুজ ভবনের আবশ্যিক মানদণ্ড অনুযায়ী নকশা করা হয়েছে। সম্পূর্ণ বৈদ্যুতিক ডেভেলপমেন্টে থাকবে একটি সৌর অ্যারে, এনার্জি স্টার বা সমতুল হিটিং ও কুলিং সরঞ্জাম, অ্যাপ্লায়েন্স, এবং বাতির ব্যবস্থা।

27 মিলিয়ন মার্কিন ডলারের ডেভেলপমেন্টটির জন্য স্টেট অর্থায়নের মধ্যে রয়েছে 11 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল নিম্ন আয় আবাসন কর ক্রেডিট এবং HCR থেকে 9 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA) গৃহহীন আবাসন ও সহায়তা কর্মসূচি (Homeless Housing and Assistance Program) থেকে 4 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করছে। NYSERDA 240,000 মার্কিন ডলার প্রদান করছে। OMH 226,200 মার্কিন ডলার কর্মসূচি বিকাশ অনুদান (Program Development Grant) প্রদান করছে। স্কেনেকট্যাডি মেট্রোপ্লেক্স (Schenectady Metroplex) 525,000 মার্কিন ডলার এবং ক্যাপিটাল রিজিয়ন ল্যান্ড ব্যাংক (Capital Region Land Bank) 200,000 মার্কিন ডলার প্রদান করছে।

নিউ ইয়র্ক স্টেট হোম এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "স্কেনেকট্যাডি এবং ক্যাপিটাল রিজিয়নের উন্নয়ন হয়ে চলেছে, তাই আবাসন সরবরাহে বিনিয়োগ সম্প্রসারণ করা একটি প্রয়োজন হয়ে উঠেছে। মোজাইক অ্যাপার্টমেন্টস 60টি গৃহস্থালিকে নিরাপদ বাসা প্রদান করবে যার মধ্যে 30টি স্বাস্থ্যবান ও স্বাধীন থাকার জন্য অত্যাবশ্যকীয় সমর্থক সেবা পাবে, এবং টেকসই হওয়ার উপর মনোযোগ প্রদান করা গভর্নর হোকলের কার্বন হ্রাস লক্ষ্যে পৌঁছাতে আমাদের সাহায্য করবে। ডেপল, আমাদের স্টেটের এজেন্সি অংশীদারগণ, এবং এই মাইলফলকে পৌঁছানোর জন্য অপরিহার্য ভূমিকা পান করা সকলকে ধন্যবাদ, এবং মন্ট প্লিজেন্টের বাসিন্দাদের জন্য মোজাইক অ্যাপার্টমেন্টস কীভাবে সবথেকে নতুন বাসা হয়ে উঠা দেখার জন্য আমি উন্মুখ।"

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "সবথেকে আধুনিক শক্তি দক্ষ বৈশিষ্ট্য, সবুজ ভবন মানদণ্ড, এবং অনসাইট নবায়নযোগ্য শক্তিসহ এমন প্রকল্পের মাধ্যমে দুর্বল নিউ ইয়র্কবাসীকে নিরাপদ, সাশ্রয়ী আবাসন প্রদান করতে সাহায্য করতে পেরে NYSERDA গর্বিত। কাজ শেষ হয়ে গেলে, সম্পূর্ণ বৈদ্যুতিক মোজাইক

অ্যাপার্টমেন্টস স্কেনেকট্যাডির বাসিন্দাদেরকে আরামদায়ক এবং মানসম্পন্ন স্থান প্রদান করতে সাহায্য করবে, এর সাথে থাকবে তাদের প্রয়োজনীয় সমর্থক সেবা পাওয়ার সুযোগ।"

নিউ ইয়র্ক স্টেট অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি. গুইন বলেন, "এই প্রকল্পের অংশ হিসেবে তৈরি হতে যাওয়া 30টি স্থায়ী সমর্থক আবাসন আমাদের সর্বাধিক দুর্বল কিছু বাসিন্দাদের জন্য আবাসন অবস্থাকে স্থিতিশীল করতে সাহায্য করবে এবং একই সাথে তাদের সমৃদ্ধিতে সাহায্য করতে পারবে এমন সেবার সহজ অ্যাক্সেস পাওয়া নিশ্চিত করবে। গভর্নর হোকল পুরো স্টেটে সমর্থক আবাসন নির্মাণে বলিষ্ঠ প্রতিশ্রুতি প্রদান করেছেন এবং তিনি সম্প্রদায়সমূহকে এবং নিউ ইয়র্কবাসীদের জীবনকে রূপান্তরের গুরুত্ব স্বীকার করেন।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "টেকসই, সাশ্রয়ী আবাসনে বিনিয়োগ করা হলো আরো বলীয়ান সম্প্রদায় গঠনে আমাদের প্রয়াসের একটি অত্যাবশ্যকীয় অংশ। আজকের ঘোষণাটি আমাদের ক্যাপিটাল রিজিয়নের সকল বাসিন্দাদের জন্য মানসম্পন্ন বসবাসের স্থান প্রদান করার একটি গভীর প্রতিশ্রুতির প্রতিফলন করে, বিশেষ করে বয়স্ক ব্যক্তি ও অক্ষমতাসহ ব্যক্তিদের জন্য। সম্পূর্ণ বৈদ্যুতিক, শক্তি দক্ষ ডেভেলপমেন্টের কাজ শুরু করা উদযাপন করতে পেরে আমি গর্বিত, যা শুধু স্কেনেকট্যাডি এলাকার অতি গুরুত্বপূর্ণ আবাসন চাহিদাকে পূরণ করবে না, বরং সেই সাথে আমাদেরকে সবুজতর ভবিষ্যতের দিকে অগ্রসর হতে সাহায্য করবে এবং পাশাপাশি সকল ক্যাপিটাল রিজিয়নের বাসিন্দাদের সুস্থতা প্রদানকারী অন্তর্ভুক্তিকর পরিবেশ গঠন করবে।"

স্টেট সিনেটর জিম টেডিস্কো বলেন, "স্থির উপার্জনসহ বহু নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আবাসন একটি গুরুত্বপূর্ণ বিষয়, বিশেষ করে আমাদের বয়স্ক ব্যক্তি এবং মানসিক অসুস্থতা নিয়ে সমস্যায় থাকা ব্যক্তিদের জন্য। স্কেনেকট্যাডি সিটি এবং 44তম সিনেট জেলায় 60টি নতুন সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট নির্মাণে গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট হোম ও কমিউনিটি রিনিউয়াল প্রয়াসের জন্য তাদের ধন্যবাদ জানাতে চাই, যেখানে স্বাধীনভাবে বসবাস করতে যেসব বাসিন্দাদের সমর্থক সেবা প্রয়োজন তা তাদেরকে প্রদান করা হবে।"

অ্যাসেম্বলি সদস্য এঞ্জেলো সান্টাবারবারা বলেন, "মোজাইক অ্যাপার্টমেন্টস হলো স্কেনেকট্যাডির মন্ট প্লিজেন্ট এলাকায় দুর্বল জনগোষ্ঠীর জন্য সাশ্রয়ী আবাসন ও সমর্থক সেবা প্রদান করার জন্য আমাদের নিবেদন ও প্রতিশ্রুতির একটি প্রমাণস্বরূপ। আমরা দুই ভবনের ডেভেলপমেন্টের কাজ শুরু করছি, যা 60টি নতুন বাসা তৈরি করবে, এবং আমরা আমাদের সম্প্রদায়ে সমর্থক সেবার প্রয়োজন থাকা বয়স্ক নিউ ইয়র্কবাসীর সুস্থতাকে অগ্রাধিকার প্রদান করবো। একত্রে, আমরা আরো শক্তিশালী, আরো অন্তর্ভুক্তিকর নিউ ইয়র্ক গঠন করা অব্যাহত রাখবো।"

স্কেনেকট্যাডি কাউন্টি আইনসভার প্রধান অ্যান্থনি জ্যাসেনস্কি বলেন, "প্রকল্পটি হলো একত্রে কাজ করা হলে কীভাবে সফল হওয়া যায় তার আরেকটি উদাহরণ। মেট্রোপ্লেক্স এবং ক্যাপিটাল রিজিয়ন ল্যান্ড ব্যাংক, এবং গভর্নর হোকলের প্রশাসনের সমর্থন এবং অর্থায়নের নিয়ে, এই দুইটি ভবন বয়স্কদের জন্য এবং আমাদের সম্প্রদায়ের ব্যক্তিদের জন্য 60টি সাশ্রয়ী সমর্থক ইউনিট প্রদান করবে।"

স্কেনেকট্যাডির মেয়র গ্যারি আর. ম্যাকার্থি বলেন, "মোজাইক অ্যাপার্টমেন্টস ক্রেন স্ট্রিট করিডোরের অতি গুরুত্বপূর্ণ রূপান্তরের প্রতীক, এটি সাম্প্রতিক কালে মন্ট প্লিজেন্ট এলাকায় সাশ্রয়ী আবাসনের জন্য সর্ববৃহৎ বিনিয়োগের প্রতিনিধিত্ব করে। স্টেট সরকারে আমাদের অংশীদারদের কারণে সম্ভব হওয়া সাম্প্রতিক বহু রূপান্তরমূলক প্রকল্পের মধ্যে এটি একটি এবং স্কেনেকট্যাডি বাসিন্দাদের জন্য আবাসনকে ক্রয়ক্ষমতার মধ্যে আনার জন্য এটি অতি গুরুত্বপূর্ণ হবে। স্কেনেকট্যাডি সিটির জন্য গভর্নর হোকলের চলমান অংশীদারিত্ব ও সমর্থনের জন্য আমরা তার প্রতি কৃতজ্ঞ।"

ডেপল প্রেসিডেন্ট মার্ক এইচ. ফুলার বলেন, "স্কেনেকট্যাডি কাউন্টিতে আবাসন স্থিতিশীলতা প্রদান করতে এবং জীবন পরিবর্তন করতে আমাদের সক্ষমতা সম্প্রসারণ করার জন্য ডেপল উন্মুখ। মোজাইক অ্যাপার্টমেন্টসকে বাস্তবে পরিণত করতে তহবিল ও সমর্থন প্রদান করার জন্য আমরা গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট, এবং আমাদের সকল সম্প্রদায়ের অংশীদার ও তহবিলদাতাদের ধন্যবাদ জানাতে চাই।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418